তারিখ 23 JAN 2017
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

নকলমুক্ত পরীক্ষা আয়োজনের ব্যতিক্রমী উদ্যোগ

# আট হাজার এসএসসি পরীক্ষার্থীকে ইউএনওর চিঠি

**প্রতিনিধি, মুরাদনগর (কুমিল্লা)**

দরজায় কড়া নাড়ছে এসএসসি ও সমমানের পরীক্ষা। পরীক্ষা সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে একটি ব্যতিক্রমধর্মী উদ্যোগ নিয়েছেন কুমিল্লার মুরাদনগর উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোহাম্মদ রাসেলুল কাদের। এ উপজেলায় তিনি আসন্ন এসএসসি ও সমমানের পরীক্ষায় আট হাজার পরীক্ষার্থীর কাছে একটি খোলা চিঠি লিখেছেন। চিঠিতে ইউএনও লিখেছেন, 'প্রিয় পরীক্ষার্থী শুভেচ্ছা ও অভিনন্দন। ২০১৭ সালের অনুষ্ঠিতব্য এসএসসি, দাখিল ও ভোকেশনাল পরীক্ষায় চূড়ান্ত প্রস্তুতি গ্রহণ করেছ। প্রকৃতির চিরায়ত নিয়মে একদিন তোমার ওপর বর্তাতে পারে রাষ্ট্রকে এগিয়ে নেয়ার দায়িত্ব। আমাদের এই প্রিয় দেশকে বিশ্বের মর্যাদাশীল জাতি সমূহের কাতারে আসীন করতে তোমরাই এগিয়ে আসবে সর্বাগ্রে। তোমাদের হতে হবে আরো গতিশীল ও চৌকস। নকলের ধকল কাটিয়ে সমাজকে করতে হবে কলুষমুক্ত। আশা নয়, আমার একান্ত বিশ্বাস, তোমার পরিবার ও নিকটজন নকল প্রতিরোধে সোচ্চার হবে। তোমাদের মেধা, মনন এবং সৃজনশীলতার ওপর নির্ভর করবে আমার এই প্রিয় মাতৃভূমির ভবিষ্যৎ।' ইউএনও আরো লিখেছেন, 'আমি আশা করছি, তোমরা সঠিকভাবে পড়াশোনা করে জ্ঞানার্জনের মাধ্যমে আসন্ন পরীক্ষায় অংশগ্রহণ করবে।' কাজিয়াতল দক্ষিণ পাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক আনোয়ার হোসেন বলেন, 'আমরা চিঠি পেয়েছি এবং তা পরীক্ষার্থীদের হাতে ধরিয়ে দিয়েছি। দেশ বিশ্বায়নের দিকে এগিয়ে যাচ্ছে। বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে হলে নকল ভুলে যেতে হবে। ইউএনও'র এ উদ্যোগকে অভিভাবকরা সাধুবাদ জানিয়েছেন।'